

স্কুলছাত্রসহ তিনজনকে উদ্ধার করেছে পুলিশ

নিজস্ব প্রতিবেদক •

রাজধানী ঢাকা, নারায়ণগঞ্জ ও নোয়াখালীতে অপহৃত ব্যবসায়ী, স্কুলছাত্রসহ তিনজনকে উদ্ধার করেছে পুলিশ।

গতকাল রাজধানীর মিন্টো রোডে এক সীমান্ত ব্রিটিংয়ে পুলিশ জুরাইন থেকে অপরহৃত এক ব্যবসায়ীকে উদ্ধারের শুভ্য জানায়।

মহানগর গোয়েন্দা পুলিশের যুগ্ম কমিশনার মনিরুল ইসলাম বলেন, ব্যবসায়ী আবদুল হাকিম ১ মে দুপুরে বঙ্গাল রোডের বাসা থেকে বের হওয়ার পর অপহৃত হন। অপহরণকারীরা তিন লাখ ১০ হাজার টাকা নিয়ে জুরাইন যেতে বলে। কিন্তু হাকিমের জাই আবদুল মতিন নির্দিষ্ট স্থানে গিয়ে কাউকে পাননি।

এরপর পুলিশ জুরাইন এলাকার ভাগ্যরানীর বাসা থেকে হাকিমকে উদ্ধার ও ভাগ্যরানীসহ পাঁচজনকে আটক করে।

নারায়ণগঞ্জ প্রতিনিবি জানান, ফতুল্লা থেকে অপহরণের ১০ ঘণ্টা পর আকির জামম (১০) নামের এক স্কুলছাত্রকে গুরুবার রাতে যাত্রাবাড়ী থেকে উদ্ধার করেছে পুলিশ। গ্রেপ্তার করা হয়েছে চারজনকে। ফতুল্লা থানার ওসি, আকতার হোসেন জানান, গুরুবার সকালে আকিরকে তাদেরই আত্মীয় ইসমত অপহরণ করে মুক্তিপণ দাবি করেছিলেন।

নোয়াখালী অফিস জানায়, সদর উপজেলার চর মটুয়া ইউনিয়নে সাইফুল ইসলাম গুরুফে পলাশ (৩০) নামের এক ব্যক্তিকে অপহরণের সাড়ে পাঁচ ঘণ্টা পর গতকাল বিকেলে উদ্ধার করেছে সুখারাম খানার পুলিশ। কৃষ্ণপুর গ্রামের একটি বাগান থেকে তাকে আহত অবস্থায় উদ্ধার করা হয়। এর আগে আব্দুল বাণার (৩৬) নামে বেগমগঞ্জ উপজেলার এক অপহৃত ব্যবসায়ীকে গতকাল সকালে জিরতপীর বাংলা-বাড়ারে ছেড়ে দেয় অপহরণকারীরা।